এস্থলেই তাৎপর্য্য এই যে—যে সকল ভক্ত ভক্তি-সাধনটিকে কর্ম্ম-জ্ঞান-যোগাদির সহিত মিশ্রণ না করিয়া বিশুদ্ধরূপে অনুষ্ঠান করে, অথচ তাহাদের মধ্যে বিশুদ্ধ প্রেমপ্রাপ্তির কিম্বা ভগবৎসেবারূপ পরমপুরুষার্থ বস্তু লাভের বাসনার সঙ্গে সূক্ষ্মরূপে স্বর্গাদি সুখ অথবা ত্রিবর্গ-পুরুষার্থ-বাসনা বিদ্যমান থাকে, তাহাদিগের সম্বন্ধে শ্রীভগবান নিজ শ্রীচরণারবিন্দের আস্বাদন প্রদান করিয়া অন্যসকল বস্তুতে বিতৃষ্ণা আনাইয়া দেন। কারণ বিশুদ্ধ-ভজনকারী ভক্তগণের কল্যাণ বিধান করাই শ্রীপ্রভুর কাজ। আর শ্রীভগবচ্চরণমাধুর্য্য আস্বাদনেরও এমনই গুণ যে, একবার তাহার আস্বাদ ভোগ হইলে আর তদতিরিক্ত বস্তুতে চিত্তের আসক্তি জাগে না। ২।২।১০ অকাম বা সর্ব্বকাম ইত্যাদি শ্লোকেও ভক্তির তীব্রত্বের কথা বলা হইয়াছে। গরুড় পুরাণেও কথিত হইয়াছে যে—যে বস্তু দুর্ল্লভ, যাহা দুষ্প্রাপ্য এবং যাহা মনেরও অগোচর, এবম্ভুত বস্তু কেহ প্রার্থনা না করিলেও, শ্রীমধুসূদনের ধ্যান করিলে তিনি তাহা প্রদান করিয়া থাকেন। এই রীতি অনুসারে ব্রহ্মজ্ঞানসম্পন্ন শ্রীসনকাদি চতুঃসনেরও ভক্তির অনুবৃত্তি শ্রীভগবানের শ্রীচরণপল্লব প্রাপ্তি হইয়াছিল বুঝিতে হইবে। দেবতাগণ পরস্পরকে বলিয়াছেন ॥ ৯৮ ॥

অথ ব্যতিরেকে কর্ম্মনাদরেণাহ। তত্র কর্ম্মণঃ ফলপ্রাপ্তাবনিশ্চয়বত্ত্বং দুঃখরূপত্বঞ্চ ভক্তেস্তু তস্যামাবশ্যকত্বং সাধকদশায়ামপি সুখরূপত্বঞ্চেত্যাহ—

কর্ম্মণ্যস্মিন্ননাশ্বাসে ধূমধূম্রাত্মনাং ভবান্ ।
আপায়য়তি গোবিন্দপাদপদ্মাসবং মধু ॥ ৯৯ ॥

অস্মিন্ কর্ম্মণি সত্রে অনাশ্বাসে অবিশ্বসনীয়ে বৈগুণ্যবাহুল্যেন কৃষিবৎ ফলনিশ্চয়াভাবাৎ। অনেন ভক্তেবিশ্বসনীয়ত্বং ধ্বনিতম্। ধূমেন ধূম্রৌ বিরঞ্জিতৌ আত্মানৌ শরীরচিত্তে যেষাং, কর্ম্মণি ষষ্ঠী, তানস্মান্ ইত্যর্থঃ পাদপদ্মস্য যশোরূপমাসবং মকরন্দং মধু মধুরম্। অত্র সত্রবৎ কর্ম্মান্তরং যশঃশ্রবণবদ্ ভক্ত্যন্তরঞ্চেতি জ্ঞেয়ম্। তদেবং ভক্তিং বিনা ভূতানাং কর্ম্মাদিভিরস্মাকং দুঃখমেবাসীদিতি ব্যতিরেকত্বমত্র গম্যতে। তদুক্তম্—যশঃ শ্রিয়ামেব পরিশ্রমঃ পর ইত্যাদি। অতো বৈ কবয়ো নিত্যমিত্যাদিচ। ব্রহ্মবৈবর্ত্তে চ শিবং প্রতি বিষ্ণুবাক্যম্—যদি মাং প্রাপ্তুমিচ্ছন্তি প্রাপ্নুবন্ত্যেব নান্যথা। কলৌ কলুষ চিত্তানাং রথায়ুঃপ্রভৃতীনি চ। ভবন্তি বর্ণাশ্রমিণাং নতু মচ্ছরণার্থিনামিতি ॥ ১।১৮ ॥ ঋষয়ঃ সূতম্ ॥ ৯৯ ॥

অতঃপর ব্যতিরেকমুখে কর্ম্মের অনাদর করিয়া ভক্তির অভিধেয়ত্ব স্থাপন করিতেছেন। তন্মধ্যে ফলপ্রাপ্তি বিষয়ে কর্ম্মসাধনের অনিশ্চয়ত্ব ও দুঃখরূপত্ব, কিন্তু ভক্তি-সাধনের অবশ্যফলদায়কত্ব এবং সিদ্ধাবস্থার কথা দূরে